# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১৭৮১

৪. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৩৭. সারা বছর রোযা রাখা নিষেধ

بَاب النَّهْيِ عَنْ صِيَامِ الدَّهْرِ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ الْأَوْزَاعِيِّ عَنْ قَتَادَةَ عَنْ مُطَرِّفِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الشِّخِّيرِ عَنْ أَبِيهِ قَالَ ذُكِرَ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ يَصُومُ الدَّهْرَ فَقَالَ لَا صَامَ وَلَا أَفْطَرَ

### বাংলা

১৭৮১. আব্দুল্লাহ ইবনু শিখখীর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এক ব্যক্তির কথা আলোচনা করা হলো যে সারা বছর সাওম পালন করে। তখন তিনি বললেন, “সে সাওমও পালন করেনি এবং ইফতারও করেনি।”[1] (তার এ দু’টির কোনোটিই গ্রহণযোগ্য হবে না।)

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৫৮২, ৩৫৮৩ ও মাওয়ারিদুয যাম’আন নং ৯৩৭, ৯৩৮ তে।

((মুসলিম, সিয়াম ১১৫৯; নাসাঈ, সিয়াম বাব: ৭২; ইবনু মাজাহ, সিয়াম ১৭০৫।– ফাওয়ায আহমেদের দারেমী’ নং ১৭৪৪ এর টীকা হতে।-অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শিখখীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82064

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন